# মহান কুরআন

নাযিল হয়নি মহান কুরআন
শুধু পাঠের তরে,
জীবন চালনার শিক্ষা নিয়ে
এসেছে অবনী পরে।

কুরআনের মর্যাদা দিতে যদি
তোমরা সবে চাও,
পাক কালামের সকল হুকুম
সবে মেনে নাও।
শান্তি পাবে ইহ জীবনে
রইবে নাকো দুখ,
মুক্তি পাবে পর জীবনে
জুটবে পরম সুখ।

# কুরআন ছেড়ে আমরা আজি

কুরআন বিলোপ করতে আজি
বিধর্মীরা ঐক্যমত,
তারপরও কেন মুসলিম সমাজে
থাকবে ভিন্নমত।
ত্রুটি খোঁজার হীন প্রয়াসে
কুরআন পড়ছে তারা,
তারপরও কেন মুসলিম হৃদে
জাগবে না আজি সারা।
আঁকড়ে ধরে কুরআন কারীম
বিশ্ব জিতেছেন তাঁরা,
কুরআন ছেড়ে আমরা আজি
হয়েছি পথ হারা।

# পবিত্র কুরআন সহজ কিতাব

পবিত্র কুরআন সহজ কিতাব
কথাটি মিথ্যা নয়,
তবে যেরূপ ভেবেছ তুমি
তত সহজ নয়।
সাহাবায়ে কিরাম কুরআন বুঝিতে
করেছেন জীবন ক্ষয়,
অথচ লভিতে আল্লাহর কালাম
তুমি হয়েছ নির্ভয়।
তোমার স্পর্ধা দেখার পরে
স্তম্ভিত মোরা সবে,
ভেবে দেখো এমন আচরণে
কি পরিণতি হবে!

# উচ্চতর কুরআন শিক্ষা

কুরআন বিষয়ে উচ্চ শিক্ষায়
আজ অনীহা কেন?
পাক কালামের মর্যাদা দিতে
তৎপর থাকো যেন।
বিশেষ সনদ লাভের আশায়
বিভোর মোরা সবে,
জিজ্ঞাসা শুধু এতটুকু এখন
কুরআন পড়বো কবে?
সকলেই যদি বিশেষ সনদ
হাসিল করিতে চাও
চিন্তা করেছ কুরআনের দায়িত্ব
কাকে দিতে চাও?
এমন হলে উম্মত ক্রমশ
কুরআন বঞ্চিত হবে,
সেই উম্মতকে পথে আনতে

মূল্য দিতে হবে!

# কুরআনের ডাক

কুরআন তোমায় ডাকছে সদা
সঠিক পথে চলতে,
দিবা-রাত্রি আহ্বান করছে
সত্য কথা বলতে।
কুরআন তোমায় আদেশ করছে
হুকমে ইলাহী জানতে,
জানার পরে সকল ক্ষেত্রে
সেসব হুকুম মানতে।
কুরআন বলছে তোমরা কভু
করো না বে-ঈমানী,
কুরআন মতে চলাই হল
অনেক বড় কুরবানী।
কুরআন মতে চল যদি
ইহ জগতে আজ
পর জগতে তোমার হবে

# সুখ-শান্তির রাজ।

## ছেঁড়া-ফাটা কুরআন কারীম

ছেঁড়া-ফাটা কুরআন কারীম মসজিদের খোলা তাকে,
ধুলি বালি মিশে তাতে নিরবে তোমায় ডাকে।

গিলাফ বিহীন মুসহাফ যেন করছে আর্তনাদ,
একদিন জেনো রবের নিকট করবে ফরিয়াদ।

মোদের ঘরেও আছে এমন কত মুসহাফের কপি!
সেদিক ফিকির নেই মোদের ফিরছি তাসবীহ যপি।

এমন ক্ষেত্রে করণীয় কাজ আছে মোদের জানা,
গাফলত ছেড়ে পদক্ষেপ নিতে কেউ করেনি মানা।

কুরআনের সাথে এমন আচরণ কভু শোভনীয় নয়,
সত্যিই যদি মোদের হৃদে থাকে আল্লাহর ভয়।

কুরআনের আজমত আন্তরে মোরা লালন করব সবে,
ছেঁড়া-ফাটা কুরআনের ক্ষেত্রে ব্যবস্থা নিব সবে।

পাক কাপড়ে মুড়িয়ে তাহা দাফনাব মাটিতে
নয়তো সেগুলো ডুবিয়ে দিব গভীর পানিতে।

# তরকে কুরআন

কুরআন ছেড়ে তোমরা আজি
যাচ্ছ ভ্রান্ত পথে,
ইহার ফল পাচ্ছ সবে
পাচ্ছ হাতে নাতে।
মনে রাখতে হবে সবার
কুরআনের বিকল্প নেই,
জীবন গঠনে মুক্তি বিধানে
একমাত্র কিতাব এই।
তাঁরা সেদিন মর্যাদায় ছিলেন
কুরআন ধারণ করে,
মোরা লাঞ্ছনার শিকার আজি
কুরআন তরক করে।
ইজ্জত যদি ফিরে পেতে
চাই মোরা আবার,
কুরআন বুকে ধারণ করে
চলতে হবে সবার।
ইহার দ্বারা উভয় জগতে
পাবে সবে সুখ,
শিরে থাকবে মর্যাদার তাজ
থাকবে নাকো দুখ।

# অতল সমুদ্র আল-কুরআন

অতল সমুদ্র কুরআন মোদের
জ্ঞান-বিজ্ঞানের খনি,
তলদেশে তার খোঁজে দেখ কত
রয়েছে মুক্তা-মনি।
ডুবুরীর বেশে খোঁজে দেখ তাতে
রয়েছে কত কি!
তীরে দাঁড়িয়ে বলিও না আর
কত শত দেখেছি।

# অবহেলিত কুরআন

তাকের উপর রাখিওনা কুরআন
অবহেলায় অনাদরে,
খোলে দেখ তাতে বলেছেন কি প্রভু
মোদের সবার তরে।
মনোযোগ সহ পড় যদি তাহা
পাবে তাতে সবকিছু,
মান যদি তাহা ছুটিবে না কভু
বিজাতীদের পিছু।

## কুরআন শিখে যে

তোমাদের মাঝে শ্রেষ্ঠ সেইজন
কুরআন শিখে যে,
আরও হবে শ্রেষ্ঠ সেইজন
কুরআন শেখায় যে।
প্রতি হরফে দশ নেকী পাবে
সন্দেহ এতে নেই।
বুঝে পড়ুক আর নাইবা বুঝুক
তফাৎ তাতে নেই।

# কুরআনের চ্যালেঞ্জ

চ্যালেঞ্জ ছুড়েছে আল্লাহর কালাম
আন এর অনুরূপ,
সাধ্য যদি থাকে তোমাদের
তবে কেন নিশ্চুপ?
ত্রুটি করেনি গুরুরা তোমাদের
ছাড়েনি কোন পথ,
পরিশেষে তারা হয়েছে ব্যর্থ
ব্যর্থ মনোরথ।
সাহিত্যের শীর্ষে আরোহী হয়েও
নত করেছে শির,
আল্লাহর কালাম মুক্তির সনদ
বিশ্ব বিজয়ী বীর।

# কুরআনী শিক্ষায় অনীহা

নিজ সন্তানের কুরআন শিখায়
আজ অনীহা তোমার,
কুরআন ছেড়ে তোমার সন্তান
কি লভিছে আর!
জাগতিক শিক্ষায় নেইকো বাধা
থাকবে বা তা কেন,
কুরআনের আলোয় জীবন গড়াতে
তৎপর থাকো যেন।
কুরআন বিহীন অন্তর তাতো
উজাড় ঘরের ন্যায়,
শান্তির আবাস গড়তে হলে
আসো এরই ছায়ায়।

# নূরের তাজ

হাফেজে কুরআনের পিতা তুমি
গৌরবান্বিত আজ,
শোভা পাচ্ছে তোমার মাথায়
খাঁটি নূরের তাজ।
সবার দৃষ্টি তোমার পানে
জিজ্ঞাসা তাদের মনে,
কাহার তরে এতো আয়োজন
কেনইবা তাহার সনে?
শত চিন্তার মাঝেও এটা
ঘোরপাক খাবে মনে,
উত্তর পাবে এসব হচ্ছে
হাফেজের পিতার শানে।
হাফেজে কুরআনের মা হলেও
অনুরূপ মর্যাদা পাবে,
ছেলে-মেয়েকে হাফেজ বানাতে
আগ্রহী হও সবে।

# আসমানী কুরআন

আসমান হতে এলো কুরআন
সত্যের দিশা দিতে,
কাফের-মুশরিক ছুটিল সবে
চিরশান্তি পেতে।
কুফর-শিরকের ঘন আঁধারে
ডুবেছিল যে জগত,
কুরআনের পরশে মুক্তি পেল
জ্বিন-ইনসান তাবৎ।
বর্তমান যুগেও অন্যায়-অপরাধ
মিটাতে যদি চাও,
পাক কুরআনের আলোর পানে

# কুরআনের রাজ

কুরআনের আওয়ায স্তব্ধ করতে
চেষ্টা হয়েছে যত,
সকল বাধা উপেক্ষা করে
চলছে নিজের মত।
বিরোধী শক্তি চায় না কভু
হোক কুরআনের রাজ,
ব্যর্থ তারা, তাদের প্রচেষ্টায়
হয়নি কোন কাজ।
অতি শীঘ্রই কুরআন মোদের
বিশ্ব করিবে জয়,
তখন ওরা থাকবে ধরায়
মনে পোসে ভয়।

# সহীহ কুরআন পাঠ

সহীহ–শুদ্ধ কুরআন পাঠ
অপরিহার্য জেনো,
ব্যর্থতা যদি থাকে তোমার
বিলম্ব করছ কেনো?
এম.এ. এম ফিল , ডক্টরেট আর
কত ডিগ্রির বাহার,
কুরআন হতে গাফেল হলে
জীবন বৃথা তাহার।
মুসলিম শিশুর কুরআন পাঠে
জুড়ায় মোদের মন,
মনে রেখো তুমিও কিন্তু
মুসলিমদেরই একজন।

# কালামুল্লাহ্‌র সুপারিশ

সুপারিশ করবে আল্লাহর কালাম
হাশরের কঠিন দিনে,
কে লভিবে আর সেই সুপারিশ
কুরআন প্রেমিক বিনে।
অভিযোগ দায়ের করবে কুরআন
কারো কারো সনে,
তারপরও কি থাকবে মুসলিম
গাফলত আর অচেতনে!
এই সুপারিশ পেতে হলে
কুরআন আঁকড়ে ধর,
অন্যথা আর পাবে না পথ
যতই শোকে মর।

# কুরআন মত গড় জীবন

কুরআন মত সাজাও তোমার
জীবনের সকল স্তর,
সকল ক্ষেত্রে কুরআনের বিধান
মানবো জীবন ভর।
কায়েম করতে কুরআনের রাজ
হওরে আগোয়ান
আসুক যত বাধা-বিঘ্ন
চল হে নওজোয়ান।
আর কতকাল বইবে তোমরা
তাগুতী শাসনের দায়,
প্রস্তুত হও কায়েম করতে
আল-কুরআনের রায়।

# মুতালা'আয় বুঝিবে কুরআন

খোদ মুতালায় বুঝিবে কুরআন
এ কেমন চিন্তাধারা,
এ পথে চলে হয়েছে সকলে
ভ্রান্ত দিশাহারা।
সাহাবায়ে কিরাম আরবী ছিলেন
আরবী কুরআনের ভাষা,
তবুও তারা কুরআন বুঝিতে
করেনি এমন আশা।
কুরআন বুঝিতে সাহাবীরা গিয়েছেন
প্রিয় নবীর কাছে।
যাও তোমরা কুরআন বুঝিতে
নায়েবে নবীর কাছে।

# দরসে কুরআন

দরসে কুরআন মহান প্রয়াস
সন্দেহ নেই তাতে,
তবে যথা যোগ্যতা চাই
দরসে কুরআন দিতে।
তাফসীর করার শর্ত তোমার
আছে নাকি জানা?
তা না হলে তাফসীর করতে
শরীয়ত করছে মানা।
ছাওয়াবের আশায় দরস দিচ্ছ
আশঙ্কা রয়েছে তাতে,
এই দায়িত্ব ছেড়ে দাও
উলামাদের হাতে।

# <u>ইলমে কুরআন</u>

তোমার আছে ইলমে কুরআন
হেয় তুমি নও,
দ্বিধা-সংশয় ছাড়িয়া সব
উচ্চ শির হও।
টাকা পয়সা ধন-সম্পদ
থাকলেই হয় না ধনী,
মনের ধনীই আসল ধনী
নবীর কথা জানি।
প্রয়োজন তোমার আছে বটে
থাকুক তাহা যত,
আল্লাহ ছাড়া কারো কাছে

# খাদিমে কুরআন

খাদিমে কুরআন হয়েছ তুমি
গৌরব বোধ কর,
তোমার চেয়ে কেউ তো নয়
মর্যাদায় আর বড়।
তোমার শ্রেষ্ঠত্বের সনদ দিয়েছেন
নবীয়ে দু' জাহান,
দু:খ-কষ্ট ঘোচাবেন তোমায়
আল্লাহ মেহেরবান।
তোমার মর্যাদা কে দিবে আর
কেইবা তাহা জানে,
ভেবে দেখ কী বলেছেন
নবীজী তোমার শানে।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# শিশুর পণ

কুরআন পড়ে হব মোরা
খোদার পথের সৈনিক
তাইতো মোরা কুরআন পড়ি
বাদ ফজর দৈনিক।
কুরআন বুঝে আমল করব,
এইতো মোদের পণ,
কুরআনের বিধান কায়েম করব
লইয়া পবিত্র মন।
আসুক যত বিপদ–আপদ
সইবো সবর করে,
কুরআনের আলো জ্বালাবো সবে
বিশ্বের ঘরে ঘরে।

# কালামুল্লাহ্‌র আজমত

আল্লাহর কালাম হেলার বস্তু
আজ তোমাদের মাঝে,
কুরআনের সাথে এমন আচরণ
তোমাদের জন্য কি সাজে?
কুরআনের বিধান কায়িম করতে
রক্ত ঝড়িয়েছেন নবী,
নিজ জীবনে দেখিয়ে গিয়েছেন
আল কুরআনের ছবি।
সেই নবীরই উম্মত হওয়ার
দাবী তোমাদের সবার,
আমল তোমরা করছো নাকি
কুরআনের সুপারিশ পাবার?

# খোদার পবিত্র কিতাব

কুরআন খোদার পবিত্র কিতাব
আমার খুবই প্রিয়,
কুরআন ধারণ করে আমি
হতে চাই শ্রেয়।
কাঠের টুকরা কুরআনের ছোয়ায়
হয় যদি মূল্যবান,
সৃষ্টির  সেরা বনী আদম
হবে না ভাগ্যবান?
কুরআনের সাথে সম্পর্ক যার
যেই পরিমাণ হবে,
সেই অনুযায়ী কুরআন দ্বারা
উপকৃত সে হবে।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআন পড়ার ফুরসত

কুরআন পড়ার ফুরসত তোমার
কেন হয় না ভাই,
কুরআন ছাড়া কোন গতি
আর যে তোমার নাই।
সকাল-বিকাল কাজের ফাঁকে
কত সময় হয়,
কুরআনের তরে সময় দেয়া
কঠিন কিছু নয়।
অলস সময় কাটাতে তোমরা
অভ্যস্ত হয়েছো আজ
শত আফসোস করেও পরে
হবে না কোন কাজ।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআন আল্লাহর কিতাব

কুরআন করীম আল্লাহর কিতাব
সবার উপর স্থান,
গুরুত্ব তোমাদের নেই বিধায়
দাও না একে মান।
নিজ শিশুকে স্কুলে পাঠিয়ে
গৌরব বোধ কর,
কুরআন পড়তে দেখলে তাকে
নাক ছিটকিয়ে সর।
অভিভাবক হয়ে এমন কাজ
তোমার কি শোভা পায়?
তাহলে কিভাবে এড়াবে তুমি
সন্তান ধ্বংসের দায়।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# তাবিজের তরে নয় কুরআন

তাবিজের তরে নয় যে কুরআন
গলায় রাখবে ঝুলে,
কিংবা কেবল যত্ন করে
তাকে রাখবে তুলে।
পড়তে হবে বুঝতে হবে
খোদার পাক কুরআন,
আমল তোমার করতে হবে
হলেও জান কুরবান।
কুরআন প্রচার করবে তুমি
যতই থাক শোকে,
রোজ হাশরে তোমার সম্মান
দেখবে সকল লোকে।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআন প্রেমিক

রাতের বেলায় সবাই যখন
নিদ্রাচ্ছন্ন থাকে,
কুরআন প্রেমিক কুরআন নিয়ে
চিন্তা মগ্ন থাকে।
কুরআনের মর্ম জেনে তারা
খুশিতে আপ্লুত হয়,
শুকরিয়া আদায়ে দীর্ঘ সময়
সিজদায় রত রয়।
দিনের বেলায়ও তারা কেবল
তা'লীমে মগ্ন থাকে
পাক কুরআনের দরসের মাঝেই
তাদের সময় কাটে।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআনের বাহক

কুরআন বাহকের সম্মান দিতে
সদা সতর্ক থাক,
হামিলে কুরআনের চরিত্র মাধুর্য
নিজ জীবনে আঁক।
কুরআনী জ্ঞানের বাহক যারা
তারা সাধারণ নন,
টাকা–পয়সা অর্থ–কড়িতে
নেইকো তাদের মন।
কুরআন প্রচারে সদা ব্যস্ত
এইতো তাদের কাজ,
পর জগতের শান্তির নেশায়
বিভোর তারা আজ।
ভুলেও তোমরা তাদের তরে
বলো না এমন কথা,
যাতে করে পাইয়ে বসে
মনে তারা ব্যথা।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআনী মকতব

পাড়া গাঁয়ে পথের ধারে
ছোট একটি ঘর,
সেখান থেকে ভেসে আসত
খোকা খোকির স্বর।
কুরআন হাতে শিশুরা সবে
মকতব পানে যেত,
কুরআন, হাদীছ, দু‘আ-মাসায়েল
সবই শিখে নিত।
ছোট শিশুদের কুরআন শুনে
মন জুড়াত সবার,
খুশি মনে বলত সবাই
কুরআন শুনাও আবার।
আজকের যুগে এসব মকতব
নেইতো বাকী আর,
কুরআন বিহীন জীবন মোদের
কিভাবে হবে পার।
আরজি মোদের সবার সনে
কুরআন শিখ সবে,
বাকী জীবন ইহার ফলে
আলোকিত হবে।
তাদের শানে এমন উক্তি
করেছেন রাসূল (সা.)
তাদের খিদমাত পাক দরবারে
হয় যেন কবুল।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআনের মধুর বাণী

কুরআনের বাণী যতই শুনি
ততই মধুর লাগে,
কুরআন ছাড়া মনটা কেবল
এদিক সেদিক ভাগে।
কুরআন বিহীন অন্তর সে তো
কেবল বিরাণ ঘর
কুরআনের সমাজ কায়েম হলে
কেউ থাকবে না পর।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআনের ফজীলত

শান্তির নেশায় ছুটিছে মানুস
ভ্রান্ত পথিকের মত,
বন জঙ্গল পাহাড় পর্বত
পেরিয়ে শত শত।
তবু তারা পাচ্ছে নাকো
শান্তি নামের দিশা,
শান্তি পেতে ছাড়তে হবে
দুনিয়াবী নেশা।
মানতে হবে আল কুরআনের
সকল প্রকার বিধান,
তবেই পাবে এই দুনিয়ায়
শান্তি অফুরান।
ইহার পরে আখিরাতে
জান্নাতের পরম সুখ,
কুরআন তথায় পৌঁছে দিবে
থাকবে নাকো দুখ।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# পরম বন্ধু আল-কুরআন

কুরআন পড়ব কুরআন বুঝব
চলব কুরআন মতে,
জীবনটা  মোরা বিলিয়ে দিব
কুরআনেরই খিদমাতে।
ক্ষণিকের এই দুনিয়ার জীবন
একদিন হবে শেষ,
তাই কুরআনকে বন্ধু বানাব
রাখব সদা পেশ।
এমন পরম বন্ধু সে যে
থাকবে সদা সাথে,
পৌঁছে দিয়ে ক্ষান্ত হবে
মুমিনের জান্নাতে।

সৌজন্যে: খিদমাতে কুরআন পরিষদ

# মোদের পণ

কুরআন শিখে হব আমি
জগত সেরা আলিম,
আঁধার ঘোচাতে বদ্ধ পরিকর
দিয়ে কুরআনের তা'লীম।
কুরআনের আলো জ্বালাবো মোরা
অন্ধকার করবো দূর,
চতুর্দিকে দেখবে সদা
পাক কুরআনের নূর।
এটাই হল আসল ভাবনা
এটাই মোদের পণ,
মোদের আশা পূরণ করতে
দিব দিল ও মন।
আল্লাহ পাকের নুসরাত যদি
মোদের সহায় হয়,
কুরআনের আলো জ্বালিয়ে মোরা
করব বিশ্ব জয়।

সৌজন্যে: খিদমাতে কুরআন পরিষদ

# তিলাওয়াতের ছাওয়াব

কুরআনের প্রতিটি হরফ পাঠে
দশটি নেকী পাবে,
নামাযে দাঁড়িয়ে পড়লে তাহা
পঁচিশ গুণ হবে।
তিলাওয়াত যদি হয় তোমার
মাহে রমজানেতে,
ছাওয়াবের মাত্রা বেড়ে যাবে
এমন তিলাওয়াতে।
বাইতুল্লাতে নেকীর ছাওয়াব
হয় যে লক্ষগুণ,
এমনিভাবে তিলাওয়াতের ছাওয়াব
বেড়ে যায় বহুগুণ।
তিলাওয়াতের বদলায় নেকী পাবে
চেহারায় থাকবে নূর,
বিপদ-আপদ আর পেরেশানী
সব হবে দূর।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ

# কুরআনের ডাক

কুরআন তোমায় ডাকছে মুমিন
এসো কুরআনের পথে,
কুরআন  ছেড়ে চলছ তুমি
কেন ভিন্ন পথে?
তোমার এপথ দেখতে সুন্দর
কিন্তু নিরাপদ নয়,
সামনে তোমার ভীষণ বিপদ
আছে চরম ভয়।
কুরআন তোমায় ডাকছে সদা
অতি আপন করে,
কুরআনের চেয়ে আপন তুমি
পাবে না ইহ পরে।
কুরআন মতে চললে তুমি
পাবে জগতে সুখ,
থাকবে না আর  তোমার কভু
পেরেশানী আর দুখ।

সৌজন্যেঃ খিদমাতে কুরআন পরিষদ